

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়  
নিম্নতম মজুরী বোর্ড  
প্রশাসন শাখা  
mwb.portal.gov.bd

নম্বর ৪০.০৪.০০০০.০০১.১১.০০৩.১৯.২০৯

তারিখ ৭ কার্তিক ১৪২৬  
২৩ অক্টোবর ২০১৯

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: নিম্নতম মজুরী বোর্ডের ০১(এক)টি নিরাপত্তা প্রহরী পদের লিখিত ও মৌখিক পরীক্ষা।

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক গত ২৬ জুলাই, ২০১৯ খ্রিঃ তারিখে দৈনিক জনকন্ঠ ও দৈনিক ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নতম মজুরী বোর্ড ০১(এক)টি নিরাপত্তা প্রহরী পদের লিখিত ও মৌখিক পরীক্ষা নিম্নলিখিত কেন্দ্রে, বর্ণিত তারিখ ও সময়ে অনুষ্ঠিত হবে।

ক্রমিক নং	পরীক্ষার তারিখ ও সময়		পদের নাম	কেন্দ্র
১।	১৬/১১/২০১৯ শনিবার ১০:০০-১১:০০ ঘটিকা	লিখিত	নিরাপত্তা প্রহরী	বাংলাদেশ শিশু কল্যাণ পরিষদ মিলনায়তন (২য় তলা), ২২/১, তোপখানা রোড, ঢাকা-১০০০
	১৬/১১/২০১৯ শনিবার ০২:০০-০৪:০০ ঘটিকা	মৌখিক		

পরীক্ষার সময়সূচি ও নির্দেশাবলী

সময়	পরীক্ষার্থীদের করণীয় কাজ
০৯:৩০ মিঃ	পরীক্ষার্থীদের নিজ নিজ পরীক্ষা কক্ষে প্রবেশ করে নির্দিষ্ট আসন গ্রহণ করবেন।
	পরীক্ষার্থীদেরকে উত্তরপত্র দেয়া হবে। পরীক্ষার্থীগণ উত্তরপত্রের টপ সিটে পদের নাম, প্রার্থীর নাম, পিতার নাম, বর্তমান ঠিকানা কালো কালির কলম দিয়ে লিখবেন। পরীক্ষার্থীরা হাজিরা তালিকায় স্বাক্ষর করবেন। এ সময় প্রবেশপত্র টেবিলের উপর খুলে রাখতে হবে।
১০:০০মিঃ	পরীক্ষার্থীদের প্রশ্নপত্র দেয়া হবে।
১১:০০মিঃ	পরীক্ষার্থীদের পরীক্ষা শেষ হবে। পরীক্ষার্থীগণ নিজ নিজ আসনে অবস্থান করবেন। পরিদর্শকগণ প্রশ্নপত্রসহ উত্তরপত্র সংগ্রহ করবেন। পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ করে বুঝে নেয়ার পর পরীক্ষার্থীগণ পরীক্ষা কক্ষ ত্যাগ করবেন।

২। পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলী:-

ক) নিরাপত্তা প্রহরী পদের বিজ্ঞপ্তি [www.mwb.gov.bd](http://www.mwb.gov.bd) এই ওয়েবসাইটে পাওয়া যাবে। লিখিত ও মৌখিক পরীক্ষার দিন অবশ্যই প্রবেশ পত্র সাথে আনতে হবে। প্রবেশপত্র ব্যতীত কোনো প্রার্থীকে পরীক্ষায় অংশ গ্রহণ করতে দেওয়া হবে না।

খ) লিখিত পরীক্ষার নির্ধারিত সময়ের অন্তত ৩০ মিনিট পূর্বে নির্ধারিত আসন গ্রহণ করতে হবে এবং পরীক্ষা শুরু হওয়ার পর কোন প্রার্থীকে হলে প্রবেশ করতে দেয়া হবে না। কোন পরীক্ষার্থী পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত কক্ষ ত্যাগ করতে পারবেন না।


গ) পরীক্ষার কক্ষে ব্যাগ, বইপত্র, মোবাইল ফোন, ঘড়ি, ক্যালকুলেটর ও কোন ইলেকট্রনিক্স ডিভাইস

আনা সম্পূর্ণ

নিষিদ্ধ।

ঘ) হাজিরা তালিকা এবং উত্তরপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর আবেদনপত্রের স্বাক্ষরের অনুরূপ হতে হবে।

ঙ) পরীক্ষায় অসুদপায় অবলম্বন ও অসদাচরণের কারণে সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে বহিষ্কার করা হবে।  
প্রয়োজনে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।



২৪-১০-২০১৯

রাইসা আফরোজ

সচিব নিম্নতম মজুরী বোর্ড ও সদস্য-

সচিব বিভাগীয় নির্বাচন কমিটি

ফোন: ৯৫৫০৩৩১

ফ্যাক্স: ৯৫৫২১৯৯

ইমেইল:

chairman\_mwbdhaka@yahoo.com

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) উপসচিব, আদালত শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

২) অফিস কপি।